

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বাংলাদেশের উন্নয়ন সমস্যা ও অনুন্নয়নের কারণ অনুসন্ধান এবং আর্থ-সামাজিক নীতি নির্ধারণ বিষয়ক স্বাধীন গবেষণাকার্য পরিচালনা করে থাকে। বিআইডিএস উন্নয়ন গবেষণার একটি উৎকৃষ্ট কেন্দ্র হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সুনাম অর্জন করেছে। গত চার দশক ধরে প্রতিষ্ঠানটি ম্যাক্রো ও সেক্টরাল উভয় ক্ষেত্রেই ব্যাপক ব্যাপ্তি নিয়ে নীতি নির্ধারণ বিষয়ক গবেষণা কাজে জড়িত রয়েছে। এতদসঙ্গেও বিভিন্ন সময়ে বিভিন্নভাবে বিআইডিএস এর গবেষকগণ প্রতিষ্ঠানকে ও ব্যক্তিগত ডিগ্রিতে পরিকল্পনা প্রণয়নে সহায়তা করেছেন।

- **আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক থিংক ট্যাঙ্ক (Think Tank) ও এশিয়ার সেরা থিংক ট্যাংকসমূহের মধ্যে বিআইডিএস-এর অবস্থান:**

বছর	২০১৬	২০১৫	২০১৪	২০১৩	মন্তব্য
আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক থিংক ট্যাঙ্কসমূহের মধ্যে অবস্থান	৬৮৪৬ টির মধ্যে ১০৪তম	৬৮৪৬ টির মধ্যে ১০২তম	৮০০০টির মধ্যে ৯৭তম	৫৩২৯টির মধ্যে ৯৭	যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত জরিপ অনুযায়ী
এশিয়ার সেরা থিংক ট্যাঙ্কসমূহের মধ্যে অবস্থান	১০০টির মধ্যে ১৬তম	৯৫টির মধ্যে ১৬তম	-	৩০টির মধ্যে ১৫তম	

- **ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা ব্যাকগ্রাউন্ড পেপার তৈরি ও প্রকাশ:** বিআইডিএস ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশে প্রথমবারের মতো পরিকল্পনা কমিশনের জন্য ৬ খন্ডের ব্যাকগ্রাউন্ড পেপার এবং সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার আংশিক ব্যাকগ্রাউন্ড পেপার তৈরি করে যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

- **বিশেষজ্ঞ মতামত প্রদান:** এছাড়া সরকারের বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে বিআইডিএস এর গবেষকগণ বিশেষজ্ঞ মতামত প্রদান করেছেন, যার মধ্যে উল্লেখযোগ্য হলো সর্বশেষ বেতন কমিশন।

- **প্রকাশনা:** বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) ত্রৈমাসিক ইংরেজি জার্নাল প্রকাশ করে থাকে। ২০০৯ থেকে ২০১৬ পর্যন্ত ৮ বছরে ৩২টি ইস্যু প্রকাশ করেছে। এছাড়া প্রতিবছর বাংলাদেশ উন্নয়ন সমীক্ষা নামে ১টি করে বিগত ৮ বছরে ৮টি বাংলা জার্নাল, ১৮৭টি রিসার্চ রিপোর্ট, ২৩টি রিসার্চ মনোগ্রাফসহ উল্লেখযোগ্য সংখ্যক ওয়ার্কিং পেপার, প্রজেক্ট রিপোর্ট ও পলিসি ব্রিফ প্রকাশিত হয়েছে।

- **গবেষণা সমীক্ষা পরিচালনা:** বিআইডিএস কর্তৃক ২০০৯-২০১৬ পর্যন্ত সম্পাদিত বিভিন্ন গবেষণা সমীক্ষার সংখ্যা নিয়ে উল্লেখ করা হলো:

২০১৬- ১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩-১৪	২০১২-১৩	২০১১-১২	২০১০-১১	২০০৯-১০
২৬টি	১১টি	২৬টি	০৭টি	১৭টি	১০টি	০৯টি	১১টি

- **উচ্চতর ডিগ্রি অর্জন:** ২০০৯ থেকে ২০১৬ এই সময়ে অত্র প্রতিষ্ঠানের ১২জন গবেষক বিভিন্ন দেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি/এম.এস ডিগ্রি অর্জন করেছেন।